

**জাতীয়করণকৃত ১৮টি
মহিলা কলেজের
শিক্ষক-কর্মচারীদের
আকুল আবেদন**

মাননীয় প্রধানমন্ত্রী ৮/১১/৯৬ তারিখে গোপালগঞ্জ জেলার শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ মাঠে এক ঘোষণার মাধ্যমে জেলা সদরের ১৮টি মহিলা কলেজ জাতীয়করণের প্রতিশ্রুতি প্রদান করেন। পরবর্তী পর্যায়ে নিয়মতান্ত্রিক উপায়ে ১৮টি মহিলা কলেজ জাতীয়করণের প্রজ্ঞাপন গেজেট জারি হয়। এবং সংস্থাপন ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে কর্মরত শিক্ষক-কর্মচারীদের পদ সৃষ্টির সরকারী আদেশ (জিও) জারি করা হয়। শিক্ষকদের আত্মীকরণের জন্য গোপালগঞ্জ শেখ ফজিলাতুন্নেছা সরকারী মহিলা কলেজের নথি পেশ করা হইলে বিভিন্ন অজুহাতে ছয়বার পরীক্ষা-নিরীক্ষা করা হয়। সর্বশেষে বিধি সংক্রান্ত ব্যাপারে আইন মন্ত্রণালয় এবং বিজ্ঞ এটর্নী জেনারেল মত প্রকাশ করেন যে, আত্মীকরণ বিধিমালা ১৯৮১ অনুযায়ী কর্মরত শিক্ষক-কর্মচারীদের আত্মীকরণের ক্ষেত্রে কোন আইনগত বাধা নাই। কিন্তু তাহা সত্ত্বেও অহেতুক কালক্ষেপণ করা হইতেছে। এদিকে উক্ত কলেজসমূহের শিক্ষক-কর্মচারীগণ আত্মীকৃত না হওয়ায় তাহারা চরম আর্থিক সংকটে পতিত হইয়াছেন। এমতাবস্থায়, জাতীয় করণকৃত ১৮টি মহিলা কলেজের শিক্ষক-কর্মচারীদের আত্মীকরণের লক্ষ্যে আশু ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

আসিফ ইমতিয়াজ খান
থানা পাড়া সড়ক
বরগুনা ৮৭০০।